

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর
পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা
ফোনঃ ৯৫৬২৭৯৫, ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬২৯১৩
www.pwd.gov.bd

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৯০.১৬/২৬১০

বি-১

তারিখঃ

২৬/০৬/২০১৯
৩০/০৬/২০১৯

বরাবর

তত্ত্বাবধায়ক প্রকৌশলী
ঢাকা গণপূর্ত সার্কেল-২, ঢাকা।

বিষয়ঃ 'Construction of Steel Structure Lift Core at Dept. of Govt. Transport Under The Public Administration Secretariat Link Road, Dhaka' শীর্ষক কাজের জন্য অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে বর্ণিত কাজে চলতি ২০১৮-২০১৯ আর্থিক সালে খরচ করার জন্য ৩৭,৫৭,৫৯৯/- (সাতত্রিশ লক্ষ সাতান্ন হাজার পাঁচশত নিরানব্বই) টাকা বরাদ্দ করা হলো।

উক্ত খরচ পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, সচিবালয় লিংক রোড, ঢাকা এর স্মারক নং-১৭৪৯ তারিখঃ ০৪/১০/২০১৮ খ্রিঃ এবং প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২-তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১৫২৪ তারিখঃ ১৯/০৬/২০১৯ খ্রিঃ এর দ্বারা পৃষ্ঠাংকনের মাধ্যমে প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, ঢাকার নিকট ন্যস্তকৃত ৩৭,৫৭,৫৯৯/- টাকা, যা হিসাবের কোড নং-১০৭০৫০২১০১৩৬০-৩২৫৮১০৮ (অন্যান্য ভবন ও স্থাপনা মেরামত) খাতের ২০১৮-২০১৯ আর্থিক সালের বাজেট বরাদ্দের অর্থ হতে সংকুলান/বহন করতে হবে। উক্ত অর্থ প্রাপ্তির সাথে সাথে অর্থ প্রাপ্তির স্বীকৃতি প্রদান করতে হবে।

উক্ত অর্থ সকল প্রকার আর্থিক বিধি-বিধান, নিয়মাচার যথাযথভাবে পর্যবেক্ষণ/পালন পূর্বক খরচ করার নিমিত্তে নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা এর নিকট পুনঃ বরাদ্দ প্রদান করে এ অধিদপ্তরকে অবহিত করতে অনুরোধ করা যাচ্ছে। উক্ত অর্থ খরচ করার পূর্বে নিম্নোক্ত শর্তসমূহ আবশ্যিকভাবে অনুসরণ করতে হবে :

- শর্তসমূহ
- সামগ্রিক কাজের জন্য আর্থিক ব্যয় বরাদ্দকৃত টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।
 - অন্য যে কোন দপ্তরের কাজের ব্যয় সরকারি যানবাহন অধিদপ্তরের বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় করা যাবে না। এক্ষেত্রে কোন ব্যত্যয় মটিলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
 - বরাদ্দকৃত অর্থ শুধুমাত্র সরকারি যানবাহন অধিদপ্তরের উপরিস্থিত কাজের জন্য ব্যয় করতে হবে।
 - আর্থিক ব্যয়ের স্বচ্ছতার লক্ষ্যে সরকারি সকল আর্থিক বিধি-বিধান এবং অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র নির্দেশনাসহ অন্যান্য বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করে ব্যয় করতে হবে।
 - বর্ণিত খাত হতে ব্যয়িত অর্থের হিসাবসহ অব্যয়িত অর্থ গণপূর্ত অধিদপ্তরের প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যয়ন পূর্বক ৩০শে জুন/২০১৯ এর মধ্যে নিম্নস্বাক্ষরকারী নিকট সমর্পণ করতে হবে।
 - সকল প্রকার ক্রয়কার্য পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর আলোকে সম্পন্ন করতঃ অর্থ ব্যয় করতে হবে।
 - সরকারি যানবাহন অধিদপ্তরের উপযুক্ত প্রতিনিধি কর্তৃক কাজটি সুষ্ঠু ও দরপত্রের শর্ত মোতাবেক সম্পন্ন হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র গ্রহণ পরবর্তীতেই বর্ণিত কাজের সম্পন্ন অংশের জন্য বরাদ্দকৃত অর্থ হতে ব্যয় করা যাবে। এর ব্যত্যয় অনিয়ম হিসেবে বিবেচিত হবে এবং তৎক্ষণাৎ সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন।
 - কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন তথা এ সংশ্লিষ্ট ব্যয়ের ক্ষেত্রে যে কোন প্রকার অনিয়ম, অভিযোগজনিত আপত্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন এবং সরকারি যানবাহন অধিদপ্তর/প্রধান প্রকৌশলীর দপ্তর কোনরূপ দায়-দায়িত্ব বহন করবে না।

(আশেক আহমেদ শিবলী)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা

ফোনঃ ৯৫৬৮৯১৪ ফ্যাক্সঃ ৯৫৫৪৬২৪

se_coord@pwd.gov.bd

তারিখঃ

২৬/০৬/২০১৯
৩০/০৬/২০১৯

স্মারক নং-২৫.৩৬.০০০০.২২০.২০.০৯০.১৬/২৬১০

বি-১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। হিসাব মহা-নিয়ন্ত্রক, সচিবালয় ভবন, ৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।
- ২। পরিবহন কমিশনার (অতিরিক্ত সচিব), সরকারি যানবাহন অধিদপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়, সচিবালয় লিংক রোড, ঢাকা। ইহা উঁর উপরোক্ত স্মারকের বরাতে বহন করে।
- ৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সওস), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৪। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ঢাকা গণপূর্ত মেট্রোপলিটন জোন, ঢাকা।
- ৫। মহা-পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)/ (মনিটরিং এন্ড অডিট)/ (প্রকল্প সার্কেল-১), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৭। পরিচালক (নৌ/সড়ক), সরকারি যানবাহন অধিদপ্তর, সচিবালয় লিংক রোড, ঢাকা।
- ৮। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ৯। নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, ঢাকা।
- ১০। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত এমআইএস (ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম) বিভাগ-২, ঢাকা।
- ১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২য় পুরানা পল্টন, ঢাকা।
- ১২। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, ঢাকা।
- ১৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৪। হিসাব রক্ষণ কর্মকর্তা, সরকারি যানবাহন অধিদপ্তর, ঢাকা।
- ১৫। তত্ত্বাবধায়ক, উন্নয়ন শাখা-৩, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।
- ১৬। গার্ড নথি, হিসাব শাখা-১/ হিসাব সেল, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সমন্বয়)

গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।